

দৈনিক

বিশ্ববিদ্যালয়

তারিখ... 15 JAN 2017...  
২

## ৪০০ ভারতীয় শিক্ষার্থীর রিপোর্ট চায় দিনি

কূটনৈতিক প্রতিবেদক •

বাংলাদেশের বিভিন্ন মেডিক্যালে  
অধ্যয়নরত প্রায় ৪শ ভারতীয়  
শিক্ষার্থীর বিষয়ে রিপোর্ট চেয়েছেন  
দেশটির পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ।  
আগামী ২৩ জানুয়ারি থেকে এসব  
শিক্ষার্থীর ফাইনাল পরীক্ষা। কিন্তু  
এখনো তাদের রেজিস্ট্রেশন সম্পন্ন  
হয়নি। এর প্রতিবাদে তারা বিক্ষোভ  
করছেন। শুক্রবার ঢাকায় ভারতীয়  
হাইকমিশনার হর্ষবর্ধন শ্রীংলার কাছে  
এ সম্পর্কে জানতে চেয়েছেন সুষমা।  
খবর ইন্ডিয়ান এক্সপ্রেস।

বিষয়টি নিয়ে টুইটও করেন সুষমা।  
তিনি টুইটে বলেছেন, (বাংলাদেশের)  
ওই বিশ্ববিদ্যালয়টি অনুমোদনের চেয়ে  
বেশি ছাত্র ভর্তি করেছে। এ বিষয়ে  
বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যোগাযোগ  
রক্ষা এরপর পৃষ্ঠা ১১, কলাম ৫

## ৪০০ ভারতীয় শিক্ষার্থীর

(প্রথম পৃষ্ঠার পর) করে যাচ্ছেন তিনি (শ্রীংলা)। একই সঙ্গে বিষয়টির একটি  
সম্মেলনক সমাধানের জন্য তিনি বাংলাদেশ মেডিক্যাল অ্যান্ড ডেন্টাল কাউন্সিলের  
(বিএমডিসি) সঙ্গে যোগাযোগ রাখছেন। ভারতীয় শিক্ষার্থীদের ঢাকায় ভারতীয়  
দূতাবাসের সঙ্গে যোগাযোগ রাখতে বলেছেন তিনি। এতে বলা হয়, বিএমডিসি এখনো  
প্রায় এক হাজার শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সম্পন্ন করেনি। এর মাধ্যমে তাদের ভবিষ্যৎকে  
ঠেলে দেওয়া হয়েছে অনিশ্চয়তায়। ওই শিক্ষার্থীদের মধ্যে প্রায় ৪০০ ভারতীয়। এর  
বাইরে রয়েছে নেপাল ও শ্রীলংকার শিক্ষার্থীও। তারা অ্যাপ্লাইড হেলথ সায়েন্সেস অব দ্য  
ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজিতে পড়াশোনা করছেন।